রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, সেপ্টেম্বর ১৬, ২০২৬**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

**প্রজ্ঞাপন**

**তারিখ: ৩১ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ/ ১৫ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ।**

**এস.আর.ও. নং ৩৪৪-আইন/২০২৬।**—Representation of the People Order, 1972 (President's Order No.155 of 1972) এর Article 94 এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৯ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) এই বিধির অন্যান্য বিধান সাপেক্ষে, কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে, অনুচ্ছেদ ২০ এর দফা (১) এর অধীন, স্থগিতকৃত প্রতীক ব্যতীত, নিম্নলিখিত প্রতীকসমূহ হইতে, প্রাপ্যতা সাপেক্ষে, যে কোনো একটি প্রতীক বরাদ্দ করা যাইবে, যথা:—

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | আনারস | ২৫ | গরুর গাড়ি | ৪৯ | ট্রাক | ৭৩ | ফুলের মালা | ৯৭ | রকেট |
| ২ | আপেল | ২৬ | গাভী | ৫০ | ট্রাক্টর | ৭৪ | বই | ৯৮ | রিকশা |
| ৩ | আম | ২৭ | গামছা | ৫১ | ডাব | ৭৫ | বক | ৯৯ | রেল ইঞ্জিন |
| ৪ | আলমিরা | ২৮ | গোলাপ ফুল | ৫২ | ড্রেসিং টেবিল | ৭৬ | বটগাছ | ১০০ | লাঙ্গল |
| ৫ | ঈগল | ২৯ | ঘণ্টা | ৫৩ | ঢেঁকি | ৭৭ | বাইসাইকেল | ১০১ | লিচু |
| ৬ | উট | ৩০ | ঘুড়ি | ৫৪ | তারা | ৭৮ | বাঘ | ১০২ | শাপলা কলি |


**মূল্য :** টাকা ৪.০০

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৭ | উদীয়মান সূর্য | ৩১ | ঘোড়া | ৫৫ | তালা | ৭৯ | বালতি | ১০৩ | সিংহ |
| ৮ | একতারা | ৩২ | চশমা | ৫৬ | থালা | ৮০ | বেবী টেক্সি | ১০৪ | সিড়ি |
| ৯ | কবুতর | ৩৩ | চাকা | ৫৭ | দাঁড়িপাল্লা | ৮১ | বৈদ্যুতিক পাখা | ১০৫ | সূর্যমুখী ফুল |
| ১০ | কম্পিউটার | ৩৪ | চাবি | ৫৮ | দালান | ৮২ | বৈদ্যুতিক বাল্ব | ১০৬ | সেলাই মেশিন |
| ১১ | কলম | ৩৫ | চিংড়ি | ৫৯ | দেওয়াল ঘড়ি | ৮৩ | মই | ১০৭ | সোনালী আঁশ |
| ১২ | কলস | ৩৬ | চিরুনি | ৬০ | দোতলা বাস | ৮৪ | মগ | ১০৮ | সোফা |
| ১৩ | কলার ছড়ি | ৩৭ | চেয়ার | ৬১ | দোয়াত কলম | ৮৫ | ময়ূর | ১০৯ | হরিণ |
| ১৪ | কাঁচি | ৩৮ | ছড়ি | ৬২ | দোলনা | ৮৬ | মশাল | ১১০ | হাঁস |
| ১৫ | কাঁঠাল | ৩৯ | ছাতা | ৬৩ | ধানের শীষ | ৮৭ | মাইক | ১১১ | হাত (পাঞ্জা) |
| ১৬ | কাপ-পিরিচ | ৪০ | জগ | ৬৪ | নোঙ্গর | ৮৮ | মাছ | ১১২ | হাতঘড়ি |
| ১৭ | কাস্তে | ৪১ | জাহাজ | ৬৫ | নৌকা (স্থগিত) | ৮৯ | মাথাল | ১১৩ | হাতপাখা |
| ১৮ | কুঁড়ে ঘর | ৪২ | টর্চ লাইট | ৬৬ | পাগড়ি | ৯০ | মিনার | ১১৪ | হাতি |
| ১৯ | কুড়াল | ৪৩ | টিউবওয়েল | ৬৭ | পানির ট্যাপ | ৯১ | মোটরগাড়ি (কার) | ১১৫ | হাতুড়ি |
| ২০ | কুমির | ৪৪ | টেবিল | ৬৮ | পালকি | ৯২ | মোটর সাইকেল | ১১৬ | হারিকেন |
| ২১ | কুলা | ৪৫ | টেবিল ঘড়ি | ৬৯ | প্রজাপতি | ৯৩ | মোড়া | ১১৭ | হুক্কা |
| ২২ | কেটলি | ৪৬ | টেবিল ল্যাম্প | ৭০ | ফলের ঝুড়ি | ৯৪ | মোবাইল ফোন | ১১৮ | হেলিকপ্টার |
| ২৩ | কোদাল | ৪৭ | টেলিফোন | ৭১ | ফুটবল | ৯৫ | মোমবাতি | ১১৯ | হ্যান্ডশেক |
| ২৪ | খেজুর গাছ | ৪৮ | টেলিভিশন | ৭২ | ফুলকপি | ৯৬ | মোরগ | ১২০ | ‘না’ |

(২) তফসিল-১ এর—

(ক) ফরম-১ এর তৃতীয় অংশ (মনোনীত প্রার্থী কর্তৃক ঘোষণা) এর ৪নং অনুচ্ছেদে “নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য ব্যাংক একাউন্ট নম্বর” শব্দগুলির পর “এবং প্রার্থী অথবা প্রার্থীর নিয়োজিত নির্বাচনি এজেন্ট এর একাউন্ট নম্বর” শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(খ) প্রার্থী কর্তৃক প্রদত্ত হলফনামার—

(অ) সংযুক্তি-১ এর ক্রমিক নং ৩(খ) এর বিশেষ দ্রষ্টব্য অংশের “সংযুক্ত করিতে হইবে” শব্দগুলির পরিবর্তে “দাখিল ঐচ্ছিক মর্মে বিবেচিত হইবে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) সংযুক্তি-১ ক্রমিক নং ৩(গ) এ নিম্নরূপ নূতন বিশেষ দ্রষ্টব্য সন্নিবেশিত হইবে, যথা:—

"বিশেষ দ্রষ্টব্য: অভিযুক্ত বলিতে ঐ আসামীকে বুঝাইবে যাহার বিরুদ্ধে আদালত কর্তৃক অভিযোগ (charge) গঠিত হয়।"; এবং

(ই) ক্রমিক নং ১০ এ নিম্নরূপ নূতন বিশেষ দ্রষ্টব্য সন্নিবেশিত হইবে, যথা:—

"বিশেষ দ্রষ্টব্য: উপরিউক্ত ছকের ক্রমিক ২, ৩ ও ৪ এ উল্লিখিত যথাক্রমে, স্বামী/স্ত্রী, সন্তান ও নির্ভরশীলদের আয়কর সংক্রান্ত তথ্য প্রদান ঐচ্ছিক মর্মে বিবেচিত হইবে।" ।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**আখতার আহমেদ**
সিনিয়র সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd